ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১০৫৯

আগরতলা, ৫ জুন, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“স্টেথো গলায় ফেসবুক রিল,” এই শিরোনামে গত ৩১ মে, ২০২৫ প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই পরিপ্রেক্ষিতে আইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট এর নির্দেশে গঠিত তিন সদস্যের এক তদন্তকারী দলের উক্ত বিষয়ে দেওয়া রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, ডাঃ অর্পিতা দেবনাথ আইজিএম হাসপাতালে এমসিএইচ ক্লিনিকের মেডিকেল অফিসার ইনচার্জ হিসেবে কর্মরত রয়েছেন। এর পাশাপাশি তিনি আইজিএম হাসপাতালের জাতীয় টিকাকরণ কর্মসূচি, আইএইচআইপি/আইডিএসপি, এবি-পিএমজেএওয়াই, এনপিসিসিএইচএইচ, এনকিউএএস সহ বিভিন্ন স্বাস্থ্য কর্মসূচির নোডাল অফিসার হিসেবেওযুক্ত আছেন। এই কর্মসূচিগুলি দেখাশোনা সহ তাঁকে মোবাইল বা ডেস্কটপের মাধ্যমে অনলাইন মোডে প্রতিদিনের রিপোর্টও পর্যবেক্ষণ করতে হয়। এছাড়াও, ডাঃ দেবনাথকে এবি-পিএমজেএওয়াই-এর রোগীর ভর্তি বা ছুটির উদ্দেশ্যে বেশ কয়েকবার ওটিপি শেয়ারও করতে হয় এবং তাকে ইউ-উইন পোর্টালে অনলাইনের মাধ্যমে টিকাকরণের সেশনও নির্ধারণ করতে হয়। এর পাশাপাশি, ডাঃ দেবনাথকে এনএইচএম, ত্রিপুরার অধীন অনলাইন মোডে নির্ধারিত বিভিন্ন ভার্চুয়াল মিটিংয়েও অংশগ্রহণ করতে হয়। এই সমস্ত উল্লিখিত কাজগুলি করার জন্য ডাঃ দেবনাথকে মোবাইল এবং ডেস্কটপ উভয়টির উপরই নির্ভর করতে হয়। এই সমস্ত উল্লিখিত কর্মসূচি এবং কার্যক্রমে ব্যস্ত থাকার কারণে তিনি তাঁর দাপ্তরিক অফিসিয়াল ডিউটির সময় সামাজিক যোগাযোগ মাধ্যমে জড়িত থাকার সময় নেই। যদি কেউ তাঁর ডিউটিরসময় তাঁর মোবাইল ফোন ব্যবহার করে থাকেন, তার মানে এই নয় যে সে সামাজিক যোগাযোগ মাধ্যমে জড়িত। কারণ যারা প্রশাসনিক কাজে নিযুক্ত, তাদের ডেটা আপডেট এবং অন্যান্য বিভিন্ন দাপ্তরিক কাজের জন্য মোবাইল ফোন এবং ডেস্কটপের উপর নির্ভর করতে হয়। অতএব, সংবাদপত্রে প্রকাশিত অভিযোগটি সঠিক নয়। এম সি এইচ ক্লিনিকের মেডিকেল অফিসার ডা. উর্মিমালা দেববর্মা তদন্তের সময় ছুটিতে ছিলেন।

*****